

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ নিয়োগ শাখা
www.mopa.gov.bd

নম্বর:- ০৫.০০.০০০০.০০০.১৩৮.১৯.০০০৩.২৬.১৫০

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২
২৪ ফেব্রুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

অর্থ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জোনায়েদ আব্দুর রহিম সাকি-এর অভিপ্রায় অনুযায়ী তাঁর সহকারী একান্ত সচিব পদে জনাব মোঃ আবু রায়হান, পিতা: মোঃ আবুল হাশেম, মাতা: পারুল আক্তার, ঠিকানা: গ্রাম/রাস্তা: মাগুরা, ডাকঘর: সেন্দ-৩৪০০, উপজেলা: ব্রাহ্মণবাড়িয়া সদর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া-কে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী (৯ম গ্রেড) ২২০০০-৫৩০৬০/-টাকা বেতন স্কেলে নিয়োগ প্রদান করা হলো।

২. মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জোনায়েদ আব্দুর রহিম সাকি যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব মোঃ আবু রায়হান-কে তাঁর সহকারী একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩. জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মু: তানভীর হাসান রুমান
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫১৪০৭১

ইমেইল: iapp@mopa.gov.bd

নম্বর:- ০৫.০০.০০০০.০০০.১৩৮.১৯.০০০৩.২৬.১৫০/১(৫০)

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২
২৪ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি/কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ
৩. মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রণালয়/বিভাগ (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)
৭. জনাব.....
৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রণালয়/বিভাগ
৯. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সকল)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. তথ্য অফিসার, পিআইডি সংবাদ কক্ষ/জনসংযোগ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১১. অফিস কপি/মাস্টার কপি।